



নির্ব্বার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

আগামী ১৫-১৬ জুলাই ২০২৪ তারিখ (সকাল ৯:০০-২:০০ টা পর্যন্ত) একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম চলবে। এ প্রতিষ্ঠানে ভর্তি ফি, মাসিক টিউশন ফি সহ যাবতীয় আর্থিক লেনদেন ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর ট্যাপ (Tap) অ্যাকাউন্টের মাধ্যমে হয়ে থাকে। তাই ভর্তি কার্যক্রমে আগমনের পূর্বেই ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর ট্যাপ (Tap) অ্যাকাউন্ট খোলার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও প্রতিষ্ঠানে টি-ক্যাশ অ্যাকাউন্ট খোলার ব্যবস্থা আছে।

একাদশ শ্রেণিতে ভর্তির জন্য এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করা আবশ্যিক

[২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত কাগজপত্র A4 পৃষ্ঠায় ফটোকপি করে জমা দিতে হবে]

১. এ প্রতিষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থী কলেজ ওয়েবসাইটে <https://ncpsc.edu.bd/xi-admission-information/> অথবা www.ncpsc.edu.bd প্রদত্ত লিংকের ফরম পূরণ করত প্রিন্ট কপি।
২. এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি ০১ (এক) সেট।
৩. এসএসসি পরীক্ষার অনলাইন নম্বরপত্রের প্রিন্ট কপি।
৪. শিক্ষার্থীর জন্ম-নিবন্ধনের ০১ (এক) কপি ফটোকপি।
৫. শিক্ষার্থীর তথ্যপুঞ্জি ও মনোনয়ন ফরম অফিস হতে সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।
৬. শিক্ষার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের সদ্য তোলা রঙিন ছবি।
৭. পিতা-মাতা/অভিভাবক প্রত্যেকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৮. পিতা-মাতার উভয়ের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি।

সামরিক/প্রতিরক্ষা খাতের সদস্যগণের সন্তানের জন্য নিম্নলিখিত কাগজপত্র A4 পৃষ্ঠায় ফটোকপি করে জমা দিতে হবে।

৯. আর্থিক সুবিধা প্রাপ্যতার ক্ষেত্রে সামরিক সদস্যগণের সন্তানের স্বপক্ষে নিম্নে উল্লিখিত সনদপত্র/প্রত্যয়নপত্র জমা দিতে হবে:
ক। সেনা, নৌ ও বিমান বাহিনীতে কর্মরত সদস্যগণের ক্ষেত্রে শিক্ষার্থীর নাম উল্লেখপূর্বক কর্মরত ইউনিটের অধিনায়কের প্রত্যয়নপত্র।
খ। সেনা, নৌ ও বিমান বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণের ক্ষেত্রে শিক্ষার্থীর নামসহ সংশ্লিষ্ট Record's Certificate/কিডার রোল/চাকরি অবসানের প্রত্যয়নপত্র।
গ। প্রতিরক্ষা খাতে বেতনভুক্ত কর্মরত বেসামরিক কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে শিক্ষার্থীর নাম উল্লেখপূর্বক কর্মরত ইউনিটের অধিনায়কের প্রত্যয়নপত্র।
১০. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষার্থীর সাথে সম্পর্কের স্বপক্ষে সনদপত্র জমা দিতে হবে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনে নিম্নোক্ত মোবাইল নম্বরসমূহে যোগাযোগ করা যেতে পারে।

০১৫৫০০৭৭০৬১-৬৩